



সিঙ্গুরে টাটা প্রকল্প, হরিপুরে পরমাণু বিদ্যুৎ কেন্দ্র হবেই: মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: বিরোধীদের তীব্র আপত্তি সত্ত্বেও সিঙ্গুরে টাটাদের গাড়ি কারখানা হবে। এবং হরিপুরেও পরমাণু বিদ্যুৎ কেন্দ্র হবেই বলে ফের জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। শুক্রবার শিবপুর ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দেড়শো বছর পূর্তি অনুষ্ঠানে তিনি বলেন, সব জায়গায় শুধু এক বিরোধিতা। এটা ঠিক নয়। অটোমোবাইল শিল্পে বিনিয়োগ করতে শুধু টাটার কেন, নিত্যনতুন নানা কোম্পানি আসুক, এটাই চাই। বুদ্ধদেববাবু বলেন, স্বাধীনতার পর কিছুদিন এ রাজ্যে এই গাড়ি শিল্পের অবস্থা ভালো ছিল। তারপরই ছবিটা পালটে যায়। নামীদামি

কোম্পানিগুলিই চলে যায় চেন্নাই, পুনে প্রভৃতি শহরে। বর্তমানে সারা রাজ্যে একমাত্র হিন্দ মোটরেই একটি গাড়ি তৈরির কারখানা আছে। সুতরাং অটোমোবাইল শিল্পে আরও বিনিয়োগ চাই। এই শিল্পে কাজ করবেন এমন দক্ষ অটোমোবাইল ইঞ্জিনিয়ারেরও খুব দরকার। শিবপুর বিশ্ববিদ্যালয়কেও এব্যাপারে একটি বড় ভূমিকা নিতে হবে। পূর্ব মেদিনীপুরের হরিপুরের পরমাণু বিদ্যুৎ প্রকল্প নিয়েও বিরোধীদের একহাত নেন বুদ্ধদেববাবু। তিনি বলেন, সব জায়গায় ওই এক বিরোধিতা। কিন্তু ওঁদের জেনে রাখা ভালো, তারাপুরে পরমাণু বিদ্যুৎ প্রকল্প হচ্ছেই। মুখ্যমন্ত্রী আরও জানান, বিকল্প শক্তির দিকে তাঁদের নজর দিতে হবে। তিনি বলেন, শিবপুরকে 'সেন্টার অব এক্সেলেন্স' হিসাবে গড়ে তোলার জন্য অর্থের দরকার। আমি এ নিয়ে প্রধানমন্ত্রীকে চিঠিও পাঠিয়েছি। বলেছি, আপনার সাহায্য খুবই দরকার। আপনি ডিসেম্বরেই আসুন না। দেখে যান বিশ্ববিদ্যালয়, যোগ দিন আনন্দ উৎসবে। এদিন অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এর বিষয়ে শিবপুরের সঙ্গে কানাডার উইডসর বিশ্ববিদ্যালয়ের একটি মউও স্বাক্ষরিত হয়। শিবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায় বলেন, বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস করার জন্য আমরা সরকারের কাছে মূল ক্যাম্পাসের পাশেই ১১৬ একর জমি চেয়েছি। এর মধ্যে ৭৮ একর জমি রাজ্য সরকারের ফুড কর্পোরেশনের। সেখানে রয়েছে পরিত্যক্ত গোড়াউন। তাই এব্যাপারে আমাদের যথেষ্ট আশা আছে। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে কোনও হতাশা, আত্মহত্যার প্রবণতা বা অবসাদ যাতে মাথা চাড়া না দেয় সেদিকটাও দেখা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ে কাউন্সেলর নিয়োগ করা হয়েছে। তাঁরা ছাত্রছাত্রীদের সমস্যার দিকটা গুরুত্ব দিয়ে শুনবেন।

